



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ফোনঃ ০২- ৫৫০১৩৭২৬-২৮; ই-মেইলঃ info@nhrc.org.bd

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞ:-/২৩৯/১২-০৭

তারিখ: ১০ এপ্রিল ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি-

লিমনের বাড়িতে আগুন দেওয়ার ঘটনায় জাতীয় মানবাধিকার কমিশনের উদ্বেগ

গণমাধ্যমে প্রকাশিত হয় যে, র্যাবের গুলিতে এক পা হারানো ঝালকাঠির কলেজছাত্র লিমন হোসেনের গ্রামের বাড়িতে গত ০৭ এপ্রিল ২০১৮ আগুন দিয়েছে দুর্বৃত্তরা। রাজাপুর উপজেলার সাতুরিয়া গ্রামে লিমনদের নির্মাণাধীন আধাপাকা বাড়িতে গত শনিবার রাতে আগুন লাগানো ছাড়াও দেয়াল ও পিলার ভেঙে গুঁড়িয়ে দেওয়া হয়েছে। আগুনে বসতঘরসংলগ্ন রান্নাঘর পুড়ে যায়। জমি নিয়ে বিরোধের জের ধরে প্রতিপক্ষ এ কাজ করেছে বলে অভিযোগ লিমনের পরিবারের। এ ঘটনায় জড়িত একজনকে আটক করেছে রাজাপুর থানা পুলিশ।

জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান কাজী রিয়াজুল হক এই ঘটনায় তীব্র নিন্দা ও উদ্বেগ প্রকাশ করেছেন এবং কমিশন থেকে উক্ত ঘটনা পর্যবেক্ষণ করা হচ্ছে। এই ঘটনার সাথে জড়িতদের আইনের আওতায় এনে শাস্তি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানিয়েছেন মাননীয় চেয়ারম্যান।

ধন্যবাদান্তে,

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ